গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা ভূমি অফিস
মহেশখালী, কক্সবাজার

## উপজেলা রাজস্ব সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | : মো: মাহফুজুর রহমান<br>উপজেলা নির্বাহী অফিসার<br>মহেশখালী, কক্সবাজার |
| সভার তারিখ ও সময় | : ২৭ জুলাই ২০২১ খ্রি: |
| সভার স্থান | : উপজেলা নির্বাহী অফিসারের সম্মেলন কক্ষ, মহেশখালী |
| সভায় উপস্থিতির তালিকা | : পরিশিষ্ট 'ক' তে সংযুক্ত |

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম আরম্ভ করা হয়। সভাপতির অনুমতিক্রমে সহকারী কমিশনার(ভূমি), মহেশখালী বিগত ২৬ এপ্রিল ২০২১ খ্রিস্টাব্দ তারিখে অনুষ্ঠিত উপজেলা রাজস্ব সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং কার্যপত্র উপস্থাপন পূর্বক আলোচ্যসূচি অনুযায়ী বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

০১। বিগত সভার কার্যবিবরণী অনুমোদনঃ

| গৃহীত সিদ্ধান্ত/সুপারিশ/মতামত | বাস্তবায়নে |
|---|---|
| গত ২৬ এপ্রিল ২০২১ খ্রিস্টাব্দ তারিখে অনুষ্ঠিত উপজেলা রাজস্ব সভার কার্যবিবরণীতে কোন সংযোজন, বিয়োজন বা সংশোধনের প্রস্তাব না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। | সংশ্লিষ্ট সকল |

০২। (ক) সাধারণ খাতে ভূমি উন্নয়ন করের দাবি ও আদায় অগ্রগতিঃ (বিবেচ্য মাস জুন, ২০২১ খ্রিষ্টাব্দ)

| উপজেলার নাম | ২০২০-২০২১ সনের দাবি | বিবেচ্য মাসে আদায় | পুঞ্জিভূত আদায় | আদায়ের হার |
|---|---|---|---|---|
| ০১. মাতারবাড়ী | ৫১৩৬২৭ | ৭৭০৪০ | ৭২৪১৯০ | ১৪০.৯৯% |
| ০২. কালারমারছড়া | ১৮৪০৬৪৪ | ১৯০২০৩ | ১৮৮৪৬৮৯ | ১০২.৩৯% |
| ০৩. শাপলাপুর | ৪৮৫২৫৪ | ২৪৩৬০০ | ৬৩৪৮৭৫ | ১৩০.৮৩% |
| ০৪. কেরুনতলী | ৭৫৫১৪২ | ৫৯৫৩৯ | ৭৭৭৭৯৭ | ১০৩% |
| ০৫. গোরকঘাটা | ৩২২৮৯১৪ | ৪৭৮৪১৪ | ৩৫৫৩১৪৭ | ১১০.০৪% |
| মোট | ৬৮২৩৫৮১ | ১০৪৮৭৯৬ | ৭৫৭৪৬৯৮ | ১১১% |

| গৃহীত সিদ্ধান্ত/সুপারিশ/মতামত | | বাস্তবায়নে | |
|---|---|---|---|
| ০১। | ৩০ জুন ২০২১ মাসের মধ্যে শতভাগ আদায় হওয়ায় ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তাগণকে ধন্যবাদ জানানো হয়। | ০১. | ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা (সকল), মহেশখালী |
| ০২। | ২০২১-২২ অর্থবছরের সঠিক ও নির্ভুল দাবী নির্ধারণ করে আগামী ২৫ আগস্ট ২০২১ খ্রি. তারিখের মধ্যে ০৩নং রিটার্ন দাখিল করার জন্য ইউনিয়ন ভূমি সহকারীগণকে নির্দেশনা প্রদান করা হয়। | | |
| ০৩। | অনলাইন ভূমি উন্নয়ন কর আদায়ের বিষয়ে নির্ধারিত মৌজার হোল্ডিংসমূহ কম্পিউটারে এন্ট্রি করার জন্য ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তাগণকে নির্দেশনা প্রদান করা হয়। | | |

(খ) সংস্থার ভূমি উন্নয়ন করের দাবি ও আদায় অগ্রগতিঃ (বিবেচ্য মাস জুন, ২০২১ খ্রিষ্টাব্দ)

| উপজেলার নাম | ২০২০-২০২১ সনের দাবি | বিবেচ্য মাসে আদায় | পুঞ্জিভূত আদায় | আদায়ের হার |
|---|---|---|---|---|
| ০১. মাতারবাড়ী | ১৬০৮৬২ | ১৪০২৭৫ | ১৪০২৭৫ | ৮৭.২০% |
| ০২. কালারমারছড়া | ৬৫২০০ | ১২৭৮০ | ৩২৮৭০ | ৫০.৪১% |
| ০৩. শাপলাপুর | ১৫৬৮০ | ৫৪০০ | ৫৪০০ | ৩৪.৪৪% |
| ০৪. কেরুনতলী | ৩০১৭৩৬ | ১৯৯০০ | ১৯৯০০ | ৬.৬০% |
| ০৫. গোরকঘাটা | ২৭৪৫৩৭৫২৪ | ২০০৩৪৪৯৫ | ৮০৮৬৩১৯১ | ২৯.৪৫% |
| মোট | ২৭৫০৮১০০২ | ২০২১২৮৫০ | ৮১০৬১৬৩৬ | ২৯.৪৬% |

| গৃহীত সিদ্ধান্ত/সুপারিশ/মতামত | | বাস্তবায়নে | |
|---|---|---|---|
| ০১। | সংস্থার দাবি আদায় অত্যন্ত কম বিধায় সভায় অসন্তোষ প্রকাশ করা হয়। সংস্থার দাবি আদায়ের জন্য সংস্থা প্রধানগণের বরাবর নোটিশ প্রদান করতে হবে। দীর্ঘদিনের বকেয়া সংস্থার দাবি আদায়ের জন্য সার্টিফিকেট মামলা রুজুর ব্যবস্থা গ্রহণ করতে হবে। বকেয়া দাবী পরিশোধের জন্য ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তাগণ উপজেলা পর্যায়ের সংস্থার প্রধানগণকে এবং সহকারী কমিশনার(ভূমি), মহেশখালী সংস্থার জেলা প্রধানগণকে পত্র দিবেন। | ০১।<br>০২। | সহকারী কমিশনার(ভূমি), মহেশখালী<br>ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা (সকল), মহেশখালী |

(গ) ইটভাটার ভূমি উন্নয়ন করের দাবি ও আদায় অগ্রগতিঃ (বিবেচ্য মাস জুন, ২০২১ খ্রিষ্টাব্দ)

| ইউনিয়ন ভূমি অফিসের নাম | বৈধ | অবৈধ | মোট | ২০২০-২০২১ সনের দাবি | বিবেচ্য মাসে আদায় | পুঞ্জিভূত আদায় | আদায়ের হার |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | ১৬০০০/- | ১৬০০০/- | ১৬০০০/- | ১০০% |
| গোরকঘাটা | ০১ | -- | ০১ | ১৬০০০/- | ১৬০০০/- | ১৬০০০/- | ১০০% |
| মোট= | ০১ | -- | ০১ | | | | |

০৩। উপজেলা ও ইউনিয়ন ভূমি অফিস এর অডিট আপত্তি: (বিবেচ্য মাস জুন, ২০২১ খ্রিষ্টাব্দ)

| গৃহীত সিদ্ধান্ত/আলোচ্য বিষয় | | বাস্তবায়নে | |
|---|---|---|---|
| ০১। | অনিষ্পন্ন অডিট আপত্তিসমূহ নিষ্পত্তির জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্টদের পরামর্শ প্রদান করা হয়। | ০১। | সহকারী কমিশনার (ভূমি), মহেশখালী |

০৪। (ক) ই-নামজারি মামলার অগ্রগতিঃ (সাধারণ): (বিবেচ্য মাস জুন, ২০২১)

| উপজেলার ভূমি অফিসের নাম | বিগত মাসে জের | বিবেচ্য মাসে দায়ের | মোট মামলা | বিবেচ্য মাসে নিষ্পত্তি | নিষ্পত্তির হার | পেন্ডিং | পেন্ডিং হ্রাস/বৃদ্ধি |
|---|---|---|---|---|---|---|---|
| মহেশখালী | ৮৭ | ৪০ | ১২৭ | ৩০ | ২৩.৬২% | ৯৭ | ১০ বৃদ্ধি |

| গৃহীত সিদ্ধান্ত/সুপারিশ/মতামত | | বাস্তবায়নে | |
|---|---|---|---|
| ০১। | ই-নামজারি মামলা ২৮ দিনের মধ্যে অবশ্যই নিষ্পন্ন করতে হবে। প্রয়োজনে স্থানীয়ভাবে ই-নামজারি বিষয়ক প্রশিক্ষণ কর্মসূচি আয়োজন করতে হবে। সার্ভারে সমস্যা দেখা দিলে তাৎক্ষনিকভাবে বিষয়টি মন্ত্রণালয়কে/ই-মিউটেশন সাপোর্ট টিমকে অবহিত করতে হবে। | ০১। | সহকারী কমিশনার (ভূমি), মহেশখালী |
| ০২। | ই-নামজারী খতিয়ান সৃজনে 'কলমী নকশা' সংযুক্ত করতে হবে। | ০২। | কানুনগো, মহেশখালী |
| ০৩। | নামজারি আবেদনে মূল মালিকের মোবাইল নাম্বার থাকতে হবে। | ০৩। | ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা (সকল), মহেশখালী |
| ০৪। | ই-নামজারি মামলার দখল বিষয়ক জটিলতা পরিহারের লক্ষ্যে ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তাগণ কর্তৃক আবেদনকারীর দখলের বিষয়টি | | |
| ০৫। | সরেজমিন তদন্ত করে প্রতিবেদন দাখিল নিশ্চিত করতে হবে। | | |
| ০৬। | ভূমি সংস্কার বোর্ডে কথা বলে সর্বশেষ প্রাপ্ত স্কোর কার্ড সংগ্রহ করতে হবে। | | |

(খ) নামজারি মামলার অগ্রগতিঃ (এল.টি নোটিশের ভিত্তিতে): (বিবেচ্য মাস জুন, ২০২১)

| উপজেলার ভূমি অফিসের নাম | বিগত মাসে জের | বিবেচ্য মাসে দায়ের | মোট মামলা | বিবেচ্য মাসে নিষ্পত্তি | নিষ্পত্তির হার | পেন্ডিং | হ্রাস/বৃদ্ধি |
|---|---|---|---|---|---|---|---|
| মহেশখালী | ০৩ | ১০ | ১৩ | ১০ | ৭৭% | ০৩ | -- |

| গৃহীত সিদ্ধান্ত/সুপারিশ/মতামত | | বাস্তবায়নে | |
|---|---|---|---|
| ০১। | সাব রেজিষ্ট্রার সুস্পষ্ট তথ্যসহ এল.টি নোটিশ নিয়মিত সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয়ে প্রেরণের ব্যবস্থা গ্রহণ করবেন। | ০১। | সহকারী কমিশনার(ভূমি), মহেশখালী |
| ০২। | এল.টি নোটিশের প্রেক্ষিতে রুজুকৃত সকল মামলায় ভূমি হস্তান্তরকারী এবং ক্রেতাকে বাধ্যতামূলকভাবে নোটিশ প্রদান নিশ্চিত করতে হবে। | ০২। | সাব রেজিস্ট্রার, মহেশখালী। |

০৫। কনটেম্পট মামলার তথ্যাবলী: (জুন, ২০২১ খ্রিষ্টাব্দ)

| ক্র: নং | মামলা নম্বর | বাদী | বিবাদী | জবাব প্রেরণ/কার্যক্রম |
|---|---|---|---|---|
| ০১. | মহামান্য হাইকোর্ট বিভাগে রুজুকৃত রিট মামলা ৯২৬১/২০১৬ হতে কনটেম্পট মামলা ৪১১/২০১৮ দায়ের হয়। | জনাব রুহুল কাদের গং, পিতা- হাজী কলিম উল্লা, সাং- মিয়াজীপাড়া, মাতারবাড়ী, মহেশখালী, জেলা- কক্সবাজার। | জেলা প্রশাসক ও অন্যান্য | মূল রিট মামলা নম্বর ৯২৬১/২০১৬ এর আদেশ বাস্তবায়ন না করে সরকার পক্ষে কর্তৃক মহামান্য সুপ্রীম কোর্টের আপীল বিভাগে ৪৩৭৭/২০১৮ নম্বর আপীল মামলা দায়ের করা হয়। উক্ত মামলা বর্তমানে চলমান রয়েছে। |
| ০২. | মহামান্য হাইকোর্ট বিভাগে রুজুকৃত সিভিল রিভিশন মামলা নম্বর ২৪২১/২০১৫ এর আদেশ বাস্তবায়ন না করায় বিজ্ঞ আইনজীবী হতে আদালত অবমাননার নোটিশ পাওয়া যায়। | জনাব, এম. কামাল গং, পিতা- মৃত মনোয়ার আলী সিকদার, সাং- মাতারবাড়ী, মহেশখালী, জেলা- কক্সবাজার। | জেলা প্রশাসক ও অন্যান্য | মূল সিভিল রিভিশন মামলা নম্বর ২৪২১/২০১৫ এর আদেশ বাস্তবায়ন না করে সরকার পক্ষে কর্তৃক মহামান্য সুপ্রীম কোর্টের আপীল বিভাগে ৪৬৭২/২০১৮ নম্বর লিভ টু আপীল মামলা দায়ের করা হয়। উক্ত মামলা বর্তমানে চলমান রয়েছে। |
| ০৩. | কনটেম্পট পিটিশন নম্বর ৪৯২/২০১৭ (রিট পিটিশন নম্বর ১১৭৭৪/২০১৩ হতে উদ্ভূত) | জনাব রায়হানুল মোস্তফা, পিতা- মোহাম্মদ সামশুল আলম, সাং- কেরুনতলী, হোয়ানক, মহেশখালী, কক্সবাজার | জেলা প্রশাসক ও অন্যান্য | মহামান্য হাইকোর্টের আদেশের বিরুদ্ধে চেম্বার জজ আদালতে পি.এম নম্বর ১৭৪৯/২০১৮ আপীল দায়ের করা হয়েছে এবং কনটেম্পট পিটিশন এর জবাব প্রেরণ করা হয়েছে। |

| গৃহীত সিদ্ধান্ত/সুপারিশ/মতামত | | বাস্তবায়নে | |
|---|---|---|---|
| ০১। | ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তাগণ বিজ্ঞ জিপি'র সাথে নিয়মিত যোগাযোগ করে কনটেম্পট মামলাসমূহের পরবর্তী ধার্য তারিখ সম্পর্কে জেনে নিবেন এবং যথাযথ ব্যবস্থা গ্রহণ করবেন। | ০১।<br>০২। | সহকারী কমিশনার(ভূমি), মহেশখালী<br>ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা (সকল), মহেশখালী |

০৬। লবণ মহালের দাবি ও আদায়ে অগ্রগতি : (বিবেচ্য মাস-জুন, ২০২১ খ্রিষ্টাব্দ)

| গৃহীত সিদ্ধান্ত/সুপারিশ/মতামত | | বাস্তবায়নে | |
|---|---|---|---|
| ০১। | যে সমস্ত খাস লবণজমি ইজারা গ্রহণ না করে অবৈধভাবে ভোগদখলে আছে সে সমস্ত অবৈধ দখলদারদের উচ্ছেদ করে আগ্রহী ব্যক্তিগণকে ইজারা প্রদানের নিমিত্ত প্রস্তাব প্রেরণ করার জন্য সহকারী কমিশনার (ভূমি), মহেশখালী ও ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তাগণকে নির্দেশনা প্রদান করা হয়। | ০১।<br>০২। | সহকারী কমিশনার (ভূমি), মহেশখালী<br>ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা(সকল), মহেশখালী |
| ০২। | যে সমস্ত লবণজমি ইজারা গ্রহণ করে চিংড়ি চাষ করে ভোগদখলে আছে সে সকল জমির ক্ষেত্রে চিংড়ি চাষের জমি হিসাবে প্রস্তাব প্রেরণ করতে হবে। | | |

০৭। চিংড়ি মহালের দাবি ও আদায়ে অগ্রগতি : (বিবেচ্য মাস-জুন, ২০২১ খ্রিষ্টাব্দ)

| গৃহীত সিদ্ধান্ত/সুপারিশ/মতামত | | বাস্তবায়নে | |
|---|---|---|---|
| ০১। | যে সমস্ত খাস চিংড়ি জমি অবৈধভাবে দখলে রয়েছে সে সমস্ত চিংড়ি জমি হতে অবৈধ দখলদার উচ্ছেদ পূর্বক লাল পতাকাসহ খুটি দিয়ে সরকারের নিয়ন্ত্রণ প্রতিষ্ঠা করতে হবে। | ০১।<br>০২। | সহকারী কমিশনার(ভূমি), মহেশখালী<br>ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা (সকল), মহেশখালী |

| গৃহীত সিদ্ধান্ত/সুপারিশ/মতামত | | বাস্তবায়নে | |
|---|---|---|---|
| ০১। | দেওয়ানী আদালতে দায়েরকৃত মামলাসমূহ শুনানীর সময় সরকার পক্ষে সংশ্লিষ্ট ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তাগণ প্রয়োজনীয় কাগজপত্র সত্যায়নপূর্বক উপস্থিত থাকবেন। সহকারী কমিশনার (ভূমি)গণ কাগজপত্র যাবাই-বাছাইপূর্বক ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তাদের উপস্থিতি নিশ্চিত করবেন। | ০১।<br>০২। | সহকারী কমিশনার (ভূমি), মহেশখালী<br>ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা (সকল), মহেশখালী |

০৮। উপজেলা ভূমি অফিস হতে দেওয়ানী মামলার এস.এফ প্রেরণের অগ্রগতি: (বিবেচ্য মাস-জুন, ২০২১ খ্রিষ্টাব্দ)

| উপজেলার নাম | পূর্ববর্তী মাসের জের | চলতি মাসে প্রাপ্ত আরজি | মোট | জবাব প্রেরণকৃত এস.এফ | | মোট | জবাব প্রেরণ করা হয়নি | ০১ মাস পর্যন্ত পেন্ডিং এসএফ সংখ্যা | ০৩ মাস পর্যন্ত পেন্ডিং এসএফ সংখ্যা | ০৬ মাসের উর্দ্ধে পেন্ডিং এসএফ সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | সরকারের স্বার্থ আছে | সরকারের স্বার্থ নেই | | | | | | |
| মাতারবাড়ী | ১০ | ১০ | ২০ | -- | -- | ২০ | ২০ | ১৫ | ০৪ | ০১ | |
| কালারমারছড়া | ৫৩ | ১০ | ৬৩ | -- | -- | ৫৩ | ৫৩ | ৫০ | ১১ | ০২ | |
| শাপলাপুর | -- | ০৪ | ০৪ | -- | -- | ০৪ | ০৪ | ০৩ | ০১ | -- | |
| কেরুনতলী | ২২ | ০২ | ২৪ | -- | -- | ২৪ | ২৪ | ১৫ | ০৭ | ০২ | |
| গোরকঘাটা | ৭৪ | ০৬ | ৮০ | -- | -- | ৮০ | ৮০ | ৬৫ | ১৩ | ০২ | |
| মোট | ১৫৯ | ৩২ | ১৯১ | -- | -- | ১৯১ | ১৯১ | ১৪৮ | ৩৬ | ০৭ | |

| গৃহীত সিদ্ধান্ত/সুপারিশ/মতামত | | বাস্তবায়নে | |
|---|---|---|---|
| ০১। | পেন্ডিং আরজি সমূহের এস.এফ গুরুত্ব সহকারে দ্রুত এ কার্যালয়ে প্রেরণ করতে হবে। সর্বোচ্চ ০২ মাসের উর্দ্ধে যেন মামলার আরজির এস.এফ পেন্ডিং না থাকে সে বিষয়টি সহকারী কমিশনার(ভূমি), মহেশখালী মনিটর করবেন। | ০১। | সহকারী কমিশনার (ভূমি), মহেশখালী |
| ০২। | ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তাগণ আগামী সভার পূর্বে তিন মাসের উর্দ্ধে পেন্ডিং এস.এফ সমূহ প্রেরণ নিশ্চিত করবেন। | ০২। | ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা (সকল), মহেশখালী। |

০৯। রেন্ট সার্টিফিকেট মামলা সংক্রান্ত : (বিবেচ্য মাস-জুন ২০২১ খ্রিষ্টাব্দ)

| উপজেলার নাম | বিগত মাসের জের | বিবেচ্য মাসে দায়ের | বিগত ও বিবেচ্য মাসের মোট | বিবেচ্য মাসে নিষ্পত্তি | বিবেচ্য মাসে আদায়কৃত অর্থ | পেন্ডিং মামলা | অনাদায়ী টাকা | হ্রাস/বৃদ্ধি |
|---|---|---|---|---|---|---|---|---|
| মহেশখালী | ০২ | -- | ০২ | -- | ২০০০০০০০ | ০২ | ১৭,৯৯,৫৬,৬৭০/- | -- |
| মোট | ০২ | -- | ০২ | -- | ২০০০০০০০ | ০২ | ১৭,৯৯,৫৬,৬৭০/- | -- |

| গৃহীত সিদ্ধান্ত/সুপারিশ/মতামত | | বাস্তবায়নে | |
|---|---|---|---|
| ০১। | যে সকল হোল্ডিং এর ভূমি উন্নয়ন কর দীর্ঘদিন যাবত বকেয়া রয়েছে সে সকল হোল্ডিং এর বিপরীতে রেন্ট সার্টিফিকেট মামলা রুজু করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ০১। | সহকারী কমিশনার (ভূমি), মহেশখালী |
| ০২। | মামলা নিষ্পত্তির লক্ষ্যে নির্ধারিত তারিখে নথি উপস্থাপনের বিষয়টি সার্টিফিকেট সহকারী নিশ্চিত করবেন। | ০২। | সার্টিফিকেট সহকারী |

১০। বালুমহাল সংক্রান্ত:

| গৃহীত সিদ্ধান্ত/সুপারিশ/মতামত | | বাস্তবায়নে | |
|---|---|---|---|
| ০১। | বালু উত্তোলনের ফলে কোন ব্রিজ বা কেপিআই (KPI) যাতে ক্ষতিগ্রস্থ না হয় এবং ইজারা গ্রহীতাগণ কর্তৃক যেকোন ব্রীজের অন্ততঃপক্ষে ১০০ মিটারের মধ্যে যেন বালু উত্তোলন করা না হয় সে বিষয়ে সহকারী কমিশনার (ভূমি) মনিটর করবেন এবং অবৈধ বালু উত্তোলনকারীদের বিরুদ্ধে নিয়মিতভাবে মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে এবং উচ্ছেদ করার কার্যক্রম গ্রহণ করতে হবে। | ০১। | সহকারী কমিশনার (ভূমি), মহেশখালী |
| ০২। | কেউ অবৈধভাবে বালু উত্তোলন করতে না পারে এ ব্যাপারে সরকারি দখল আবশ্যিকভাবে নিশ্চিতকরণসহ নজরদারী বাড়ানোর জন্য সহকারী কমিশনার(ভূমি), মহেশখালী ও ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তাগণকে অনুরোধ করা হয়। | ০২। | ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা (সকল), মহেশখালী |

১১। হাট বাজার পেরিফেরী সংক্রান্তঃ

| ক্রমিক নম্বর | উপজেলার নাম | মোট হাট বাজারের সংখ্যা | পেরিফেরী নির্ধারণ হয়নি এমন হাট বাজারের সংখ্যা |
|---|---|---|---|
| ০১ | মহেশখালী | ২৩ | ১৫ |

| গৃহীত সিদ্ধান্ত/সুপারিশ/মতামত | | বাস্তবায়নে | |
|---|---|---|---|
| ০১। | সহকারী কমিশনার(ভূমি), মহেশখালী প্রতিমাসে কমপক্ষে ০১টি হাট বাজার পেরিফেরী নকশা অনুমোদনের জন্য প্রস্তাব প্রেরণ করবেন। | ০১। | সহকারী কমিশনার(ভূমি), মহেশখালী |

১২। অর্পিত সম্পত্তির দাবি ও আদায় সংক্রান্ত: (বিবেচ্য মাস-জুন, ২০২১ খ্রিস্টাব্দ)

| উপজেলার নাম | অর্পিত সম্পত্তির জমির পরিমাণ (একর) | ক-তফসিলভুক্ত লীজকৃত সম্পত্তির পরিমান (একর) | বকেয়া দাবি (টাকা) | হাল দাবি (টাকা) | মোট দাবি (টাকা) | বিবেচ্য মাসে আদায় (টাকা) | মোট আদায় | আদায়ের হার (%) |
|---|---|---|---|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ | ০৬ | ০৭ | ০৮ | ০৯ |
| মহেশখালী | ৩০৫.৮৮৫০ | ৩০১.৪৬৫০ | ৩,৯৮,০০০/- | ৪,০০,০০০/- | ৭,৯৮,০০০/- | -- | ৮০,৫৮২/- | ১০.০৯% |
| মোট- | ৩০৫.৮৮৫০ | ৩০১.৪৬৫০ | ৩,৯৮,০০০/- | ৪,০০,০০০/- | ৭,৯৮,০০০/- | -- | ৮০,৫৮২/- | ১০.০৯% |

| গৃহীত সিদ্ধান্ত/সুপারিশ/মতামত | | বাস্তবায়নে | |
|---|---|---|---|
| ০১। | অর্পিত সম্পত্তির ২০২০-২০২১ অর্থবছরের দাবি অর্পিত সম্পত্তির দাবি আদায় কম বিধায় সভায় অসন্তোষ প্রকাশ করা হয়। ২০২১-২২ অর্থবছরে শতভাগ দাবি আদায় নিশ্চিত করার লক্ষ্যে সর্বাত্মক প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে। | ০১। | সহকারী কমিশনার (ভূমি), মহেশখালী |
| ০২। | অর্পিত সম্পত্তির কোন লীজ গ্রহীতা কর্তৃক হালনাগাদ লীজমানি পরিশোধে অনীহা প্রকাশ করলে উক্ত সম্পত্তি লাল পতাকাসহ খুঁটি দিয়ে সরকারি দখলে আনতে হবে এবং লীজ বাতিলের প্রস্তাব প্রেরণ করতে হবে এবং নতুন করে বিধি মোতাবেক বন্দোবস্ত প্রস্তাব দিতে হবে। | ০২। | কানুনগো, এ কার্যালয় |
| | | ০৩। | ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা (সকল), মহেশখালী |

১৩। উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক উপজেলা ও ইউনিয়ন ভূমি অফিস পরিদর্শন সংক্রান্ত : (বিবেচ্য মাস-জুন, ২০২১ খ্রিষ্টাব্দ)

(ক) উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক উপজেলা ও ইউনিয়ন ভূমি অফিস পরিদর্শন:

| উপজেলার নাম | উপজেলা ভূমি অফিস (প্রতি দুই মাস অন্তর) পরিদর্শন (প্রমাপ-১) | ইউনিয়ন ভূমি অফিস পরিদর্শন (প্রমাপ-৪) | প্রমাপ | মন্তব্য |
|---|---|---|---|---|
| মহেশখালী | -- | -- | প্রমাপ অর্জিত হয়নি | লকডাউনের কারণে অফিস বন্ধ থাকায় পরিদর্শন করা সম্ভব হয়নি। |

(খ) সহকারী কমিশনার (ভূমি) কর্তৃক উপজেলা ও ইউনিয়ন ভূমি অফিস পরিদর্শন:

| উপজেলার নাম | উপজেলা ভূমি অফিস (প্রতি দুই মাস অন্তর) পরিদর্শন (প্রমাপ-১) | ইউনিয়ন ভূমি অফিস পরিদর্শন (প্রমাপ-৪) | প্রমাপ | মন্তব্য |
|---|---|---|---|---|
| মহেশখালী | -- | -- | প্রমাপ অর্জিত হয়নি | লকডাউনের কারণে অফিস বন্ধ থাকায় পরিদর্শন করা সম্ভব হয়নি। |

(গ) কানুনগো কর্তৃক উপজেলা ও ইউনিয়ন ভূমি অফিস পরিদর্শন:

| উপজেলার নাম | উপজেলা ভূমি অফিস (প্রতি দুই মাস অন্তর) পরিদর্শন (প্রমাপ-১) | ইউনিয়ন ভূমি অফিস পরিদর্শন (প্রমাপ-৪) | প্রমাপ | মন্তব্য |
|---|---|---|---|---|
| মহেশখালী | -- | -- | প্রমাপ অর্জিত হয়নি | পদশূণ্য |

| বিগত সভার সিদ্ধান্ত | | বাস্তবায়নে | |
|---|---|---|---|
| ০১। | উপজেলা নির্বাহী অফিসার, সহকারী কমিশনার (ভূমি) এবং কানুনগোগণ নিজ নিজ প্রমাপ মোতাবেক ভূমি অফিসমূহ ফলপ্রসূভাবে পরিদর্শন করে নিয়মিত পরিদর্শন প্রতিবেদন প্রেরণ আবশ্যিকভাবে নিশ্চিত করবেন। | ০১। | উপজেলা নির্বাহী অফিসার, মহেশখালী |
| | | ০২। | সহকারী কমিশনার (ভূমি) , মহেশখালী |
| ০২। | সহকারী কমিশনার (ভূমি)গণ নিজ নিজ অফিস ও অধীনস্থ ইউনিয়ন ভূমি অফিস সমূহ নিয়মিত পরিদর্শন করবেন এবং সকলের উপস্থিতি নিশ্চিত করবেন। | ০৩। | কানুনগো, মহেশখালী |

১৪। নতুন উপজেলা ও ইউনিয়ন ভূমি অফিস নির্মাণ সংক্রান্ত :

| গৃহীত সিদ্ধান্ত/সুপারিশ/মতামত | | বাস্তবায়নে | |
|---|---|---|---|
| ০১। | কক্সবাজার জেলার ৫৪টি ইউনিয়ন ভূমি অফিস স্থান নির্বাচন করে জমির বিবরণসহ প্রস্তাব চাহিত 'ছক' মোতাবেক জেলা প্রশাসক, কক্সবাজার মহোদয় কার্যালয়ের স্মারক নং ৪৯৬ তারিখ: ১৯/০৪/২০১৭ খ্রিষ্টাব্দ মূলে ভূমি মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। ভূমি মন্ত্রণালয় হতে ১৬টি ভূমি অফিস নির্মাণের জন্য অনুমোদন পাওয়া যায়। এর মধ্যে মহেশখালী উপজেলায় এল.জি.ই.ডি কর্তৃক নিম্নোক্ত ০২টি ভূমি অফিস নির্মাণ কাজ চলমান রয়েছে-<br>০১) ইউনিয়ন ভূমি অফিস, গোরকঘাটা<br>০২) ইউনিয়ন ভূমি অফিস, শাপলাপুর<br>এল.জি.ই.ডি কর্তৃক নির্মাণাধীন ভূমি অফিসসমূহের কাজ তদারকি করার জন্য সহকারী কমিশনার(ভূমি), মহেশখালীকে অনুরোধ করা হয়। | ০১। | সহকারী কমিশনার (ভূমি) মহেশখালী, কক্সবাজার |

অত:পর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৭/৮/২১

(মো: মাহফুজুর রহমান)
উপজেলা নির্বাহী অফিসার
মহেশখালী, কক্সবাজার

স্মারক নং-৩১.২০.২২৪৯.০০০.০৬.০০৩.২০২০-২০৯

তারিখ: ১৮/০৮/২০২১ খ্রি.

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য

০১। জেলা প্রশাসক, কক্সবাজার

০২। অতিরিক্ত জেলা প্রশাসক(রাজস্ব), কক্সবাজার

০৩। উপজেলা নির্বাহী অফিসার, মহেশখালী, কক্সবাজার

০৪। কানুনগো, এ কার্যালয়

০৫। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা---------------------------------(সকল), মহেশখালী

০৬। অফিস কপি

Islam
১৮/০৮/২০২১

(মোহাম্মদ সাইফুল ইসলাম)
পরিচিতি নং-১৮৪৩২
সহকারী কমিশনার(ভূমি)
মহেশখালী, কক্সবাজার